**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

## কর্মী ব্যবস্থাপনা বিভাগ

পসব্য/প্রকা/প্রশা-১৬/২০২২-২৩/ ১২৪৯৮

তারিখ: ২৫ /০৫/২০২৩ খ্রি

সকল কর্মকর্তা/কর্মচারী
প্রধান কার্যালয় / জেলা (আঞ্চলিক) কার্যালয় (সকল) / নিরীক্ষা কার্যালয় (সকল) / শাখা (সকল)
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়ঃ ৯৬ তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণকারীদের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলি প্রতিপালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে 'দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)' এর ২৭/০৪/২০২৩ তারিখের পত্র নম্বর আইবিবি/ পরীঃ /২/এ/২০২৩/৩৯০ (৫৬) এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। 'দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)' এর উপর্যুক্ত সূত্র মোতাবেক আগামী ২৭/০৫/২০২৩, ০৩/০৬/২০২৩ এবং ১০/০৬/২০২৩ তারিখে ৯৬ তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীগণ কোনো পরীক্ষায় নকল করতে পারবে না এবং বই, মোবাইল ফোন, ল্যাপটপ বা কোনো প্রকার ইলেকট্রনিক সামগ্রী নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করেন তবে তার পরীক্ষা বাতিলসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে আইবিবি কর্তৃক প্রকাশিত পরীক্ষার্থীদের জন্য পালনীয় নির্দেশাবলী সংযুক্ত করা হলো।

৩। আগামী ৯৬ তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় পল্লী সঞ্চয় ব্যাংকের প্রধান কার্যালয়সহ অন্যান্য সকল কার্যালয়/শাখা থেকে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির জন্য উল্লিখিত নির্দেশাবলি জারি করা হলো।

অনুমোদনক্রমে,

২৫/০৫/২৩

(ইলিয়াস মোহাম্মদ মাসুম বিল্লাহ)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) পিএস, চেয়ারম্যানের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫) প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
৬) নথি

২৫/০৫/২০২৩

মোঃ আমিনুল ইসলাম
সিনিয়র অফিসার

# দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডি আর টাওয়ার (১৩ তলা), ৬৫/২/২, গাজী গোলাম দস্তগীর সড়ক
(বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০০।

## পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

০১। বই, খাতা, মোবাইল ফোন, ক্যালকুলেটর (সায়েন্টিফিক), স্মার্টওয়াচ, কোন ইলেকট্রনিক ডিভাইস বা এ জাতীয় দ্রব্যাদি নিয়ে পরীক্ষা হলে প্রবেশ করা যাবে না। বর্ণিত নির্দেশ অমান্য করলে কর্মরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের পরীক্ষাদান থেকে বিরত রাখতে বা খাতা বাতিল করতে পারবেন।

০২। উত্তরপত্রের উভয় পৃষ্ঠায় লিখতে হবে। প্রতিটি প্রশ্নের উত্তর নতুন পৃষ্ঠায় শুরু করতে হবে। কোনো প্রশ্নে ভিন্ন ভিন্ন অংশ থাকলে, ঐ ভিন্ন ভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে দিতে হবে, ভিন্ন ভিন্ন স্থানে দেয়া যাবে না। একই প্রশ্নের উত্তর ভিন্ন ভিন্ন স্থানে লেখা হলে নম্বর প্রদান করা হবে না।

০৩। অংকের প্রশ্নে অবশ্যই রাফ ক্যালকুলেশন দেখাতে হবে।

০৪। খসড়া বা অপ্রয়োজনীয় অংশ পরীক্ষার্থীকে নিজ হাতে কেটে দিতে হবে।

০৫। জেএআইবিবি ও এআইবিবি উভয়পর্বের প্রতিটি বিষয়ের জন্য Subject Code নির্ধারণ করা হয়েছে, যা OMR শীটে পরীক্ষার্থীগণকে যথাযথভাবে পূরণ করতে হবে, যা ইতিমধ্যে Web-site এ Upload দেয়া হয়েছে।

০৬। **প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর পরীক্ষার পর্ব, রোল নম্বর, এনরোলমেন্ট নম্বর, বিষয় কোড, ব্যবহৃত লুজশীটের সংখ্যাসহ সকল তথ্য OMR শীটের পরীক্ষার্থীর অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে এবং কালো বলপয়েন্ট কলম দ্বারা বৃত্ত ভরাট করতে হবে। পাশাপাশি পরীক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষরের স্থানে স্বাক্ষর করতে হবে। কোনভাবেই "Do not Sign Out of the Box" এর বাইরে স্বাক্ষর করা যাবে না। এছাড়া, "Do not write mark in the Lithucode Area" এর মধ্যে লেখা বা কলমের দাগ দেয়া যাবে না।**

০৭। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না এবং পরীক্ষা ০১ ঘণ্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কক্ষের বাইরে যেতে পারবেন না। পরীক্ষা সমাপ্তির পর প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করার পূর্বে কর্তব্যরত ইনভিজিলেটরের নিকট তাঁর উত্তরপত্র জমা দিতে হবে।

০৮। প্রদত্ত উত্তরপত্র ছাড়া প্রশ্নপত্রে বা অন্য কোথাও পরীক্ষার্থী কোনো কিছু লিখতে পারবেন না।

০৯। পরীক্ষার সময় কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলের ভেতরে বা বাইরে কোনো প্রকার অসৌজন্যমূলক আচরণ করলে বা অসদুপায় অবলম্বন করলে কর্তব্যরত সুপারিনটেনডেন্ট যে কোন মুহূর্তে তাঁর পরীক্ষা বাতিল করতে পারবেন।

১০। প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর প্রবেশপত্র সাথে আনতে হবে।

১১। পরীক্ষার্থী শুধুমাত্র OMR শীটের পরীক্ষার্থীর অংশ ছাড়া উত্তপত্রের অন্য কোথাও বা ব্যবহৃত লুজশীটে তাঁর রোল নম্বর, তালিকাভূক্তি নম্বর ও স্বাক্ষর বা পরিচিতিমূলক কোন কিছু লিখতে পারবেন না। এই নির্দেশ অমান্যকারী পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১২। OMR শীটে কর্তব্যরত ইনভিজিলেটরের স্বাক্ষর থাকতে হবে। OMR শীট ইনভিজিলেটরের স্বাক্ষরবিহীন থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

মহাসচিব